



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর,
খুলনা বিভাগীয় কার্যালয়,
পরিবেশ ভবন, বয়রা, খুলনা.
www.doe.gov.bd

অবস্থানগত ছাড়পত্র

ছাড়পত্র নং: ১৯-২০৩৭৮

পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে অবস্থানগত ছাড়পত্র প্রদান করা হলো :

প্রতিষ্ঠান/প্রকল্পের নাম	: Development of Bhomra Land Port
উদ্যোক্তার নাম	: Md. Habibur Rahman
সনাক্তকরণ নং	: ৭০৭৬৪
প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম	: স্থাপনা/ভবন নির্মাণ
প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী	: Orange-B
প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা	: Mouza: Laxmidari, Upazila: Satkhira Sadar, District: Satkhira.
প্রদানের তারিখ	: ০৫/০৩/২০১৯ খ্রিঃ।
মেয়াদ উত্তীর্ণের তারিখ	: ০৪/০৩/২০২০ খ্রিঃ।



এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে,
অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।

অবস্থানগত ছাড়পত্র জন্য প্রযোজ্য শর্তাবলী:

- ১ . আইইইই প্রতিবেদনে উল্লেখিত পরিবেশগত নেতিবাচক প্রভাব মোকাবেলায় গৃহীত প্রশমনমূলক ব্যবস্থা সার্বক্ষণিক কার্যকর রাখতে হবে।
 - ২ . এ ছাড়পত্র শুধুমাত্র বন্দরের ভবন, ট্রান্সিশিপমেন্ট শেড, ড্রেনেজ সিস্টেম, ইয়ার্ড ও অন্যান্য অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
 - ৩ . এ ছাড়পত্র শুধুমাত্র যাত্রী ছাউনি, ট্রাক রাখার শেড নির্মাণ, ওপেন ইয়ার্ড ইত্যাদি স্থাপনা নির্মাণের ক্ষেত্রে প্রযোজ্য হবে। স্থাপনা/ ভবন সম্প্রসারণের জন্য ভবনের শ্রেণি পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্র গ্রহণ করতে হবে।
 - ৪ . স্থাপনা/ভবন নির্মাণ চলাকালীন উপযুক্ত নিরাপদ বেটনী বা নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্মাণ সামগ্রী আবৃত অবস্থায় ও পরিবহনকারী যানবাহনের চাকা পরিষ্কার করে পরিবহন করতে হবে। নির্মাণ সামগ্রী লোড করা বা আনলোড করার সময় এবং ভবন নির্মাণকালে বায়ু দূষণ ও শব্দ দূষণ করা যাবে না।
 - ৫ . নির্মাণ শ্রমিকদের নিরাপত্তামূলক সামগ্রী যেমন: হেলমেট, বুট, সেফটি বেল্ট, গ্লাভস ইত্যাদি সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করতে হবে। নির্মাণ শ্রমিক ও কর্মচারীদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট, গোসলখানা, বিশুদ্ধ পানি ও বিশ্রামাগারের ব্যবস্থা করতে হবে।
 - ৬ . পরিবেশ বান্ধব নির্মাণ সামগ্রী যেমন: জ্বালানী সাশ্রয়ী পোড়ানো ইট, কংক্রিট, হলোলক, লো-ইমিশন সিমেন্ট ইত্যাদি ব্যবহার করতে হবে।
 - ৭ . ভবন নির্মাণ কাজের সময় কোন নির্মাণ সামগ্রী বস্ত্র কালভার্টে/ ড্রেনেজ লাইনে/পয়ঃ লাইনে ফেলা যাবে না।
 - ৮ . কঠিন বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে উৎসে বর্জ্য পৃথকীকরণ করতে হবে এবং 3R Principles (Reduce, Reuse, Recycle) অনুসরণ করতে হবে। এছাড়া ভবন হতে পৃথকীকৃত বর্জ্য আবৃত অবস্থায় নিকটস্থ সিটি কর্পোরেশনের ট্রান্সফার স্টেশন/ডাম্পিং গ্রাউন্ডে স্থানান্তর/পরিবহনের বিষয়টি উদ্যোগ্তা নিজস্ব উদ্যোগ/সিটি কর্পোরেশনের সহায়তায় নিশ্চিত করবেন।
 - ৯ . স্থাপনা/ভবন নির্মাণকালে শব্দ দূষণ ও বায়ু দূষণ নিয়ন্ত্রণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ ও পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রা মেনে চলতে হবে।
 - ১০ . ভবনের দেয়ালে কাঁচ ব্যবহারের ক্ষেত্রে কম তাপ পরিবাহী কাঁচ ব্যবহার করতে হবে।
 - ১১ . স্থাপনা ও ভবন সমূহে টয়লেটসহ ভবনে পর্যাপ্ত প্রাকৃতিক আলো ও বাতাস চলাচলের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 - ১২ . নিজস্ব ব্যবস্থায় বিদ্যুৎ উৎপাদন করতে হলে জেনারেটর ও সাবস্টেশন স্থাপনের পূর্বে অত্র দপ্তর হতে আলাদাভাবে ছাড়পত্র গ্রহণ করতে হবে। ভবনে ব্যবহৃত জেনারেটর হতে শব্দ দূষণ ও বায়ু দূষণ নিয়ন্ত্রণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। জেনারেটর রুম/সাবস্টেশন কক্ষ বন্যা প্লাবিত জলমগ্ন লেভেলের (Flood Level) উপরে থাকতে হবে।
 - ১৩ . প্রস্তাবিত স্থাপনা/ভবনের চতুর্পার্শ্বস্থ খোলা জায়গা/সেটব্যাক/গ্রীন এরিয়া ও ছাদে উপযুক্ত প্রজাতির গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।
 - ১৪ . অগ্নি নির্বাপনকল্পে ভবনে যথাযথ ব্যবস্থা রাখতে হবে।
 - ১৫ . ভবনে পারদ বিহীন বিদ্যুৎ সাশ্রয়ী বাতি ব্যবহার করতে হবে। ভবনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ও লিফট মেশিন বিদ্যুৎ সাশ্রয়ী হতে হবে। ভবনে ওজন স্তর ক্ষয়কারী বস্তু (ODS) ব্যবহৃত হয়, এমন কোন সরঞ্জাম ব্যবহার করা যাবে না।
 - ১৬ . ভবনের কাঠামো মজবুত করার জন্য যথাযথভাবে পাইলিং করতে হবে।
- ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮ অনুযায়ী, প্রস্তাবিত স্থাপনা ও ভবনের সম্মুখস্থ রাস্তার ন্যূনতম প্রশস্ততা বজায় রাখতে হবে।
- ১৭ . বৃষ্টির পানি সংগ্রহের লক্ষ্যে রেইন ওয়াটার রিজার্ভার ট্যাংকের অবস্থান, ফ্লো ডায়াগ্রাম ও ব্যবহার; ভবনে প্রাকৃতিক ও কৃত্রিম পদ্ধতিতে আলো-বাতাস প্রবেশের ব্যবস্থা; যথাযথসেপটিক ট্যাংক ও সোক পিট এরসেকশনাল ড্রইং; জৈব ও অজৈব পর্যাপ্ত গার্বেজ বিন; যথাযথপ্রশস্ততা বিশিষ্ট ফায়ার সিঁড়ি ইত্যাদিপ্রস্তাবিত ভবনের নকশায় অন্তর্ভুক্ত করে ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮ এর আলোকে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।
 - ১৮ . এই ছাড়পত্র জারির তারিখ হতে পরবর্তী ১(এক) বছরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন

করতে হবে।

১৯ . এ অবস্থানগত ছাড়পত্রের শর্তসমূহ অনুসরণপূর্বক ভবন নির্মাণ সমাপ্ত হওয়ার পর অবশ্যই পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে।

২০ . বর্ণিত শর্ত ভঙ্গ করলে এই ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রকল্পের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গৃহীত হবে।

